



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন বক্তা 'প্রফেসর এমিরিটাস ড. অরুণ কুমার বসাক' জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রথম সমাবর্তন অনুষ্ঠান মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে আগামী ১১ জানুয়ারি-২০২০ তারিখ নির্ধারণ করা হয়েছে। এ উপলক্ষে ১ সেপ্টেম্বর, ২০১৯- রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে সমাবর্তন অনুষ্ঠানের 'নির্বাহী ও ব্যবস্থাপনা কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন বক্তা হিসেবে 'প্রফেসর এমিরিটাস ড. অরুণ কুমার বসাক' কে মনোনীত করা হয়েছে।